



# SKS

স্মারক নং- এসকেএস/২১/৫৬১০  
১৪ জুলাই ২০২১ খৃঃ

## অফিস স্মারক


এতদ্বারা এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী ঘোষণা ও সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক করোনাভাইরাস রোগ (কোভিড-১৯) এর বর্তমান পরিস্থিতি মোকাবেলায় সংস্থার সকল প্রকল্প অফিস, ঢাকা অফিস, প্রধান কার্যালয় এবং মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের সকল ব্রাঞ্চ, এরিয়া, জোন, ডিভিশন অফিস ও মাঠ পর্যায়ের কার্যক্রম আগামী ২৩ জুলাই ২০২১ খৃঃ তারিখ হতে ০৫ আগস্ট ২০২১ খৃঃ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। অঙ্গ প্রতিষ্ঠান সমূহ তাদের নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উক্ত বন্ধকালীন সময়ে নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে মেনে চলার জন্য বলা হলোঃ

- সংস্থায় কর্মরত সকল কর্মীকে তার নিজ নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে।
- সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড সাথে রাখা এবং সেই সাথে অফিসিয়াল মোবাইল সিম সচল রাখতে হবে।
- উক্ত বন্ধকালীন সময় মাঠ পর্যায়ের সকল কর্মীগণকে প্রোগ্রাম পার্টিসিপ্যান্ট/সদস্যদের সাথে মোবাইল ফোনের মাধ্যমে সচেতনতামূলক বার্তা পৌঁছানোর লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
- সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ/সেকশন তাদের স্ব স্ব কর্মীদের সহিত প্রয়োজন অনুযায়ী অনলাইন এর মাধ্যমে সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করবেন।
- যে কোন জরুরী ত্রান কার্য সম্পাদনের জন্য সর্বদা প্রস্তুত থাকতে হবে।
- সর্বাবস্থায় বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করা এবং নিয়মিত সাবান দিয়ে হাত ধোয়া (কমপক্ষে ২০ সেকেন্ড) ও দৈহিক পরিচ্ছন্নতায় যত্নশীল হওয়া; পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

সরকারী বিশেষ কোন নির্দেশনা না থাকলে আগামী ০৬ আগস্ট ২০২১ খৃঃ তারিখ থেকে স্বাভাবিক নিয়মে কার্যক্রম চলবে।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ  
গভীর আন্তরিকতায়-

  
১৪ জুলাই ২০২১  
রাসেল আহমেদ লিটন  
নির্বাহী প্রধান

### অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি